# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 05 May, 2025

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সাবেক সভাপতি নাজমুল হাসান পাপন ও তার স্ত্রীর বিরুদ্ধে প্রায় ৮০০ কোটি টাকা সন্দেহজনক লেনদেনের প্রমাণ পেয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।এছাড়া় প্রায় ৩২ কোটি টাকার জ্ঞাত আয়বহির্ভূত সম্পদের খোঁজ পেয়েছে।তাদের দুজনের নামে দুটি মামলা দায়ের করেছে দুদক।

সোমবার দুপুরে দুদক কার্যালয়ে সংস্থাটির মহাপরিচালক আক্তার হোসেন গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।পৃথক দুটি মামলা দায়ের করেছেন দুদকের কর্মকর্তা উপ-পরিচালক সাইদুজ্জামান।

পাপনের নেতৃত্বে বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল), স্টেডিয়াম নির্মাণ, আইসিসির বৈশ্বিক টুর্নামেন্টে, বিদেশী কোচ নিয়োগসহ নানা ক্ষেত্রে অর্থ আত্মসাতের বেশ বড় ধরণের অভিযোগ অনুসন্ধান চলমান রয়েছে বলে জানায় দুদক।

সম্প্রতি এসব অভিযোগে মিরপুর বিসিবিতে অভিযান চালিয়ে নানা অসঙ্গতি খুঁজে পায় দুদক।ইতোমধ্যে অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে কমিশনে সুপারিশ করা হয়েছে।

বিসিবি নাজমুল হাসান পাপন দুদক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:05

URL: https://www.timestodaybd.com/public/national/1958775807